

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৪০

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৮. রুকুতে যা করতে হয়

بَابُ الْعَمَلِ فِي الرُّكُوعِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا هَمَّامٌ حَدَّثَنَا عَطَاءُ بْنُ السَّائِبِ عَنْ سَالِمِ الْبَرَادِ قَالَ وَكَانَ أَوْتَقَ عِنْدِي مِنْ نَفْسِي قَالَ قَالَ لَنَا أَبُو مَسْعُودٍ الْأَنْصَارِيُّ أَلَا أُصَلِّي بِكُمْ صَلَاةَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فَكَبَرَ وَرَكَعَ وَوَضَعَ يَدِيهِ عَلَى رُكْبَتِيهِ وَفَرَّجَ بَيْنَ أَصَابِعِهِ حَتَّى اسْتَقَرَ كُلُّ شَيْءٍ مِنْهُ

বাংলা

১৩৪০. আতা ইবনু সায়িব বলেন, যিনি আমার নিকট আমার আপন স্বত্তর চেয়েও অধিক নির্ভরযোগ্য সেই সালিম আল বাররাদ বলেন, আবী মাসউদ আল আনসারী রাদিয়াল্লাহু আনহু আমাদেরকে বললেন, আমি কি তোমাদের নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের ন্যায় সালাত আদায় করবো না? তিনি (রাবী) বলেন, এরপর তিনি তাকবীর দিলেন ও (কিরাতাত শেষে) রুকুতে গেলেন এবং তিনি তার উভয় হাত দু'হাতুর উপর স্থাপন করলেন, আর তার আঙ্গুল সমূহের মাঝে ফাঁক করে রাখলেন, এমনকি সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গ স্থির হয়ে গেলো। [1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ। হাম্মাম আতা থেকে শ্রবন করা হতে পিছিয়ে রয়েছে। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: আহমাদ ৪/১১৯, ১২০; আবু দাউদ ৮৬৩; তার সূত্রে বাইহাকী ২/১২৭; সহীহ ইবনু খুয়াইমাহ নং ৫৯৮; হাকিম ১/২২৪; নাসাঈ ২/১৮৬ সহীহ সনদে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আতা ইবনু সাইব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81623>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন